রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ১৮, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে**
**মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব কে এম নজরুল ইসলাম, এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল ‘ল’ এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬ (১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ১২-০৮-২০১৮ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

**তফসিল**

| ক্রমিক নং | পলাতক আসামীর নাম ও ঠিকানা | মামলার নম্বর ও ধারা |
|---|---|---|
| ১ | জনাব কে এম নজরুল ইসলাম<br>সাবেক এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, ঢাকা ক্যান্টনমেন্ট কর্পোরেট শাখা, ঢাকা।<br>বর্তমানে পিআরএল ভোগরত<br>পিতা-মৃত রিয়াজ উদ্দিন আহমেদ, গ্রাম-পংখারুয়া, পোঃ উধুনীয়া, উপজেলা-উল্লাপাড়া, জেলা-সিরাজগঞ্জ। | মেট্রোঃ বিশেষ মামলা নং-৩৪/১৮<br>সূত্র : ক্যান্টনমেন্ট থানার মামলা নং-০৪<br>তারিখ : ১৬-১১-২০১৬ খ্রিঃ।<br>ধারা : দন্ডবিধি ৪০৯ এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা। |

**কে, এম, ইমরুল কায়েশ**
মহানগর দায়রা জজ এবং
পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০